শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

মুজিব বর্ষ

**এপ্রিল / ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৭ সাধারণ সভার কারবিবরণী**

সভাপতিঃ জনাব নাজিরা বেগম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৩ এপ্রিল ২০২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব নাজিরা বেগম উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | ১।উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ৩০ তম মাসিক সাধারন সভার সিদ্ধান্ত অনুযায়ী গোলাপগঞ্জ উপজেলা পরিষদের পুরো প্রাঙ্গনের ( আবাসিক ও অফিস চত্তর) একটি Details Master Plan প্রণয়ন পূর্বক নিয়োজিত কোম্পানি Volumetric Designers. House -07, Road-10,Nikunja-2, Dhaka-1229 Hard কপি ও 3D Animation সহ Autocad soft কপি অত্র দপ্তরে দাখিল করেছেন। পরিষদের অনেক সদস্য ইতোমধ্যে প্রণয়নকৃত Master plan অবলোকন করেছেন । তদুপরি পরিষদের সকল সদস্যের দৃষ্টিগোচর করার লক্ষ্যে Power point presentation এর ব্যবস্থা করা হয়েছে। presentation শেষে উপজেলা প্রকৌশলী পরিষদকে প্রণয়নকৃত Master plan টি অনুমোদন এবং এ সংক্রান্ত একটি নির্দেশনা জারীর জন্য অনুরোধ করেন । মাষ্টারপ্ল্যান বাবদ ২,৯০,০০০ টাকা প্রয়োজন।<br>২। চেয়ারম্যান আমুড়া ইউপি সভায় জানান উপজেলা পরিষদের সভা কক্ষে মাইক্রোফোন এর ব্যবস্থা খুবই নাজুক এটি পরিবর্তনশীল করা খুবই জরুরী। অন্যান্য চেয়ারম্যানবৃন্দ ও সদস্য বৃন্দ একমত পোষন করেন। উপজেলা প্রকৌশলী জানান ইতোপূর্বে সভাকক্ষ আধুনিকায়নের জন্য ৭.৫০০ টাকার একটি প্রাক্কলন প্রেরন করা হয়েছে। জরুরী বিধায় ১টি পি এ সিস্টেম জরুরী ভিত্তিতে সভা কক্ষে লাগানো হয়েছে। এক্ষেত্রে সর্বনিম্ন ১ লক্ষ ৯৯ হাজার ৯২৭টাকা প্রয়োজন।<br>৩। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, থোক বরাদ্দ ও রাজস্ব উর্দৃত্ত দ্বারা গৃহীত প্রকল্প সমূহের কাজ চলমান রয়েছে । তবে নির্মাণ সামগ্রীর বাজার দর উর্দ্ধমুখী হওয়ায় পূর্ত কাজের গড় অগ্রগতি আশনুরুপ নয় । আশা করা যাচ্ছে আগামী জুন মাসের মধ্যে গৃহীত সকল প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন হবে । উপজেলা প্রকৌশলী আরো | ১।উপজেলা প্রকৌশলী কর্তৃক presentation শেষে সকলেই প্রণয়নকৃত Master plan এর প্রশংসা করেন এবং এটি একটি যুগান্তকারী পদক্ষেপ বলে আখ্যায়িত করেন। প্রণয়নকৃত Master plan টি উপজেলা পরিষদ কর্তৃক সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং মাষ্টারপ্ল্যান বাবদ ২,৯০,০০০ টাকা রাজস্ব তহবিল থেকে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

জানান যে, প্যানেল চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান (পুরুষ) উপজেলা পরিষদ এবং স্থানীয় জনসাধারনের অনুরোধের প্রেক্ষিতে নিম্নে ছকে বর্ণিত জনগুরুত্বপূর্ন প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করে সম্ভাব্য ব্যয় নির্ধারন করা হয়েছে । তিনি পরিষদকে সুপারিশকৃত স্কীমসমূহ অবলোকন এবং গুরুত্বপূর্ন বিবেচিত হলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল দ্বারা নিম্নোক্ত অগ্রাধিকার ক্রম অনুযায়ী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান:

| ক্র নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) | ক্রয় পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | ভাদেশ্বর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড কৃষ্ণপুর গ্রামের আমীর আলীর বাড়ী হইতে নয়া খালের পাড় পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪২৭০৯০.০০ | RFQ |
| ০২ | বুধবারীবাজার ইউনিয়নের চন্দরপুর কুশিয়ারা ডাইক এর সম্মুখ হতে খলিল মিয়ার বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৩,৩৫,৮৮৯.০০ | RFQ |
| ০৩ | বাদেপাশা ইউনিয়নের দেবারাই গ্রামের সালেহ আহমেদের বাড়ীর সামন হতে বাইছ উদ্দিনের বাড়ীর কর্ণার পর্যন্ত কবরস্থান মুখী রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। | ২,৬৭,২১৯.০০ | RFQ |
| ০৪ | ঢাকাদক্ষিন ইউনিয়নের সুনামপুর মেইনরোড হতে কালামিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। | ৪,৬৭,০৭৭.০০ | RFQ |
| ০৫ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ১ নং ওয়ার্ডে কানিশাইল ভাইরা হাওয়র মুখ থেকে খারখানটিল্লা মসজিদ পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। | ৫,১২,৭২৬.০০ | RFQ |
| ০৬ | বাঘা ইউনিয়নের দৌলতপুর কবরস্থান থেকে আব্দুল আহাদ ময়না মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC |
| ০৭ | বাঘা ইউনিয়নের বটরতল বাজার হইতে মাঝের মহল্লা ঈদগা রোড ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC |
| ০৮ | বাঘা ইউনিয়নের ২ নং ওয়ার্ড তুরুকভাগ পশ্চিমপাড়া সোনা মিয়ার বাড়ীর সামন থেকে তুরুকভাগ সরকারি স্কুল পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC |
| ০৯ | গোলাপগঞ্জ ইউনিয়নের ১ নং ওয়ার্ড চৌধরি লাম্বাহাটি রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC |
| ১০ | গোলাপগঞ্জ ইউনিয়নের ৩ নং ওয়ার্ড কুটি মিয়ার দোকানের সামনা হইতে রমা বাবুর বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC |
| ১১ | ফুলবাড়ী ইউনিয়নের কিছমত মাইজভাগ পশ্চিমপাড়া ৭ নং ওয়ার্ড রুমান ডাক্তারের বাড়ীর সামন হইতে হারুনের বাড়ীর সামন পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC |

ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামীতে Master plan অনুযায়ী প্রদর্শিত স্থানে সকল অফিসের নতুন ভবন নির্মানের পক্ষে পরিষদ একমত পোষন করেন। তবে নতুন ভবন নির্মিত না হওয়া অবধি যার যার অবস্থান যেখানে রয়েছে সেখানেই থাকবে বলে পরিষদে স্বতস্ফুর্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা পরিষদ সভাকক্ষে পি এ সিস্টেম বাবদ বাবদ ১ লক্ষ ৯৯ হাজার ৯২৭ টাকা রাজস্ব তহবিল থেকে ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ২০২১-২২ ইং অর্থ বছরে গৃহীত প্রকল্প সমূহের কাজ যথাসময়ে মান সম্মতভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধ করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত স্কীম সমূহ জনগুরুত্বপূর্ন ও বিশেষভাবে

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১২ | ফুলবাড়ী ইউনিয়নের কায়স্থগ্রাম নাশাগঞ্জ খাইতগাঁও রেকটি রাস্তা মৃত আসাব আলীর বাড়ীর সামন হইতে জমশেদ মিয়ার বাড়ি পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | প্রয়োজনীয়তা রয়েছে মর্মে পরিষেদের সকল সদস্য একমত পোষণ করায় চলমান অর্থ বছরে সময়স্বল্পতার কারণে প্রকল্প বাস্তবায়ন কমিটি দ্বারা বাস্তবায়নের জন্য প্রস্তাবমতে পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ১৩ | ফুলবাড়ী ইউনিয়নের বরায়া উত্তরভাগ পশ্চিমপাড়া জামে মসজিদের সামন হইতে মিলন মিয়ার বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | ১৪ | লক্ষীপাশা ইউনিয়নের জাঙ্গাল হাটার ছিদ্দেক আলীর বাড়ীর সামন হইতে আব্দুল মালিক এর বাড়ীর সামন পযৃন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | ১৫ | লক্ষীপাশা ইউনিয়নের নিয়াদল সাহারপাড়া জামে মসজিদের মুখ হইতে বেটুবিলের রাস্তায় ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | ১৬ | বুধবারীবাজার ইউনিয়নের বানীগ্রাম বাজার হইতে মধ্যম মহল্লা জামে মসজিদ রোড পযৃন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | ১৭ | বুধবারীবাজার ইউনিয়নের বহরগ্রাম পুরাতন ফেরিঘাট এলাকায় গার্ডওয়াল নির্মাণ। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | ১৮ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ইসলামপুর হেলাল এর বাড়ী হইতে নিমার আলীর বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | ১৯ | ঢাকাদক্ষিন ইউনিয়নের পশ্চিম বারকোট স.প্রা.থেকে সালাহ উদ্দিনের বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | ২০ | লক্ষনাবন্দ ইউনিয়নের দক্ষিনভাগ এস.ই উচ্চবিদ্যালয়ের সামন হইতে পুরানপাড়া আব্দুল মতিনের বাড়ীর সামন পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | ২১ | লক্ষনাবন্দ ইউনিয়নের দেওপাড়া নাছির উদ্দিনের বাড়ীর সামন হইতে শেখপাড়া ঝুনু মেম্বারের বাড়ীর সামন পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | ২২ | ভাদেশ্বর ইউনিয়নের দ. ভাগ কাজিবাড়ি সেলিমের বাড়ির সামনের রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। | ১,৭৩,৯৫৯.০০ | PIC | | |
| | ২৩ | ভাদেশ্বর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড খুলিয়া গ্রামের রোড খালের পাড় দিয়ে মোকাম বাজার আসার রাস্তায় ইটসলিং দ্বারা উন্নয়ন | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | ২৪ | ভাদেশ্বর ইউনিয়নের উজান মেহেরেপুর ১ নং ওয়ার্ড আবরার বাড়ীর নীচ হইতে বাবুলের বাড়ীর নীচ পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | ২৫ | আমুড়া ইউনিয়নের ঘাঘোয়া পিছ রোডের | ২,০০,০০০.০০ | PIC | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | সামন হইতে ফুলমলিক পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | | | | |
| | | ২৬ | আমুড়া ইউনিয়নের ধারানহর জিয়ানা হাউসের সম্মুখ পৌরসভা সালের বাড়ীর সম্মুখ পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | | ২৭ | বাদেপাশা ইউনিয়নের জামিরা রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | | ২৮ | বাদেপাশা ইউনিয়নের বাগলা ছালিকোনা আয়াজের বাড়ীর সামন হতে সরফের বাড়ীর সামন পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০.০০ | PIC | | |
| | | ২৯ | বাদেপাশা ইউনিয়নের বাগলা ছালিকোনা ছমির/পংকীর বাড়ী হইতে দুধু মিয়ার বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | | ৩০ | বাদেপাশা ইউনিয়নরে ৪নং ওয়ার্ডের বাইতুল ফালাহ জামে মসজিদ থেকে আরব আলীর বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ১,৮৫,০০০.০০ | PIC | | |
| | | ৩১ | শরীফগঞ্জ ইউনিয়নের ৪ নং ওয়ার্ড কাদিপুর খেয়াঘাটের ইটসলিং হইতে নুরজাহানপুর মানিক মিয়ার বাড়ী পর্যন্ত সাইট ভরাট সহ ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | | ৩২ | শরীফগঞ্জ ইউনিয়নের নদীরপাড় (শুকলাল বিশ্বাস) হতে সায়েদ মিয়ার বাড়ী পর্যন্ত ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০.০০ | PIC | | |
| | | ৩৩ | নারী উন্নয়ন ফোরামের আওতায় নারীদের সাবলম্বী করার লক্ষ্যে ৫০ টি সেলাই মেশিন ও ২৫ টি সাইকেল ছাত্রীদের জন্য বরাদ্দের পরিমাণ। | ৫,১০,০০০.০০ | RFQ /PIC | | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও.প.প.কর্মকর্তা সভায় জানান, মোট নমুনা সংগ্রহ ৫০৭২ জন, করোনা আক্রান্ত ১১২৬ জন, মৃত্যু ১৯ জন, সুস্থ ১১০৭ জন।করোনা টিকা ১ম ডোজ ২৭০০০ শতকরা হার ৭২.৩০%। ২য় ডোজ ২৫৪৭৯৫ শতকরা হার ৬৮.২৩%। ৩য় ডোজ ১৩৬৮৯। নরমাল প্রসব সেবা ৭৮, প্রসব পূব সেবা ৮৯, প্রসব পরবর্তী সেবা ৮২, শিশু মৃত্যু ০, মাতৃ মৃত্যু ০। ইপি আই জন্ম নিবন্ধন ২২০১, বিসিজি ২১৮৩, আন্তবিভাগ রোগী ভর্তি ছিল ৪৯৯ জন। | | | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, মার্চ/২২ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৯৪০৫, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৮৬৪১, হার ৭৮.২১%। গর্ভকালীন সেবা ৭৫২ জন, প্রসব সেবা ৫৯ জন, গর্ভোত্তর সেবা ২৯৩জন, শিশু সেবা ৫৮৩ জন, রোগী২৩৪৮ জন, জীবিত জন্মের সংখ্যা ২০১ জন, মৃত্যুর সংখ্যা ৭১ জন, সর্বমোট গর্ভবর্তী ১৭২৫ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৩৮৩ জন ছিল। | | | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ | কৃষি | | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বোরো ধান কর্তন শুরু হয়েছে। হাওরে | | | শতভাগ বোরো | চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বিভাগ | [illegible]৫% ধান কর্তন করা হয়েছে। আউশ প্রনোদনা ও সার বিতরন আগামী ১৮/৪/২২ খ্রিঃ তারিখে অনুষ্টিত হবে। এবার ১৩৯০ জন কৃষককে সার ও বীজ সহায়তা প্রদান করা হবে । ধান ক্রয় এর জন্য আগ্রহী কৃষকদের তালিকা তৈরির কার্যক্রম চলমান রয়েছে। | ধান কর্তন এবং সার ও বীজ সুষ্ঠুভাবে কৃষকদের হাতে পৌছানোর ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। মোট ৪০ জন চাষীকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয় এবং ১৮০ জন চাষীকে চাষির পুকুড় পাড়ে এবং অফিসে কারিগরি পরামর্শ প্রদান করা হয়। জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় মাকরি বিল পুন: খনন কাজ শুরু হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর টিকা প্রদান ১৫০৩ টি, পোল্ট্রি টিকা প্রদান ২৮৭৯০ টি,গবাদি পশুর চিকিৎসা ৩৫৬০ টি, পোল্ট্রি চিকিৎসা ১৬৮৩০ টি, পোষা প্রাণি চিকিৎসা ০৭ টি, কৃত্রিম প্রজনন ১৭০ টি। এ ছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর)১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচী (কাবিখা/কাবিটা) কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আগামী ১৪/৪/২২ খ্রিঃ তারিখ বাংলা নববর্ষ উৎসাহ উদ্দিপনায় পালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ছাত্রছাত্রীদের শিখন ঘাটতি পুরন করার জন্য রমজান মাসে বিদ্যালয় চালু রয়েছে। আগামী ২০ শে রমজান পর্যন্ত সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয়ের শ্রেণী কার্যক্রম চালু থাকবে। | ছাত্রছাত্রীদের শিখন ঘাটতি পুরন সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | চেয়ারম্যান |
| ২/ ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সকল প্রতিষ্ঠান থেকে উপবৃত্তি প্রাপ্ত হওয়ার যোগ্য শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সমন্বিত উপবৃত্তি কার্যক্রম অনলাইন এন্ট্রি সমাপ্ত হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস আয়োজিত প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে আয়োজিত মাসিক সভায় শিক্ষার মান উন্নয়ন, মাদক প্রতিরোধ ও ইভটিজিং ও সার্বিক পরিস্থিতির বিষয় আলোচনা করা ও যে কোন উদ্ভুত পরিস্থিতি যাতে না হয় সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয় সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও সার্কেল অতিরিক্ত পুলিশ সুপার মহোদয় উপস্থিত ছিলেন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকুপ স্থাপনের কাজ চলমান আছে। এছাড়া পিইডিপি-৪ ও হাওর অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তৃতীয় কিস্তির পেরোল পাঠানো হয়েছে প্রায় ১৮০০০ ভাতাভোগীর টাকা ঈদের আগে তাদের একাউন্টে পৌছে যাবে। কোন উপকারভোগী যাতে টাকা পেতে বা টাকা উত্তোলনের সময় কেউ যাতে তাদের টাকা কম বা হাতিয়ে নিতে না পারে সে ব্যাপরে সম্মানিত ইউপি চেয়ারম্যান গনকে সজাগ দৃষ্টি রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। অন্য ভাতা প্রতিস্থাপনের জন্য ইমেইলে প্রেরিত তালিকা যাচাই বাছাই করে দ্রুত প্রেরণের জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করা যাচ্ছে। | ভাতাভোগীরা যাতে কোন হয়রানির শিকার না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান অর্থ বছরে মোট ঋন বিতরন ১০,২৫০০০/- পুরুষ ১৩ জন, মহিলা ৬ জন মোট ১৯ জন। ৬,২৫০০০/- টাকা ঋণ বিতরন প্রক্রিয়াধীন রয়েছে।ঋণ আদায়ের হার ৯৩.৮০%। | যুব ঋন বিতরন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ঋন বিতরন ৫৯.০৫ লক্ষ টাকা আদায় ৪৩.৩১ লক্ষ টাকা । ১২০ জনের প্রশিক্ষন কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।সড়ক ও জনপথের সড়ক হতে উপজেলা পল্লী উন্নয়ন অফিস পর্যন্ত একটি রাস্তা নির্মানের | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়। | অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মোট অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ১৩০ টি, অডিট সম্পন্ন ১৩০ টি। সম্পাদনের হার ১০০%।সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প ভুক্ত ৪৩ টি সমবায় সমিতি নিবন্ধিত হয়েছে।বিগত মাস পর্যন্ত ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান করা হয়েছে ৭৫ জনকে। এছাড়া নিয়মিত সমিতি পরিদর্শন করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য বিভাগ কর্তৃক পরিচালিত খাদ্য বান্ধব কর্মসূচীতে এপ্রিল মাসে পুষ্টি চাল যাবে। উল্লেখ্য যে, সাধারন চালের সাথে ১৫০:১ অনুপাতে পুষ্টি চাল পুষ্টি মিলের মাধ্যমে মিশ্রিত করে বিতরন করা হয়।পুষ্টি চালে ৬ টি পুষ্টি উপাদান থাকে। ভিটামিন-এ, ভিটামিন বি১, ভিটামিন বি১২, আয়রন, ফলিক এসিড ও জিংক এই ৬ টি উপাদান মিশ্রিত থাকে। তাছাড়া ৪টি ডিলার স্টেশন থেকে ওএমএস এর চাল ও আটা বিতরন চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ চক্রের ভিজিডি কর্মসূচীর আওতায় মার্চ মাসের খাদ্যশস্য বিতরন সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, উপজেলা বনায়ন কেন্দ্র সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার বাদেপাশা ইউনিয়নের আমকোনা নামক স্থানে স্থাপিত ও পরিচালিত জনাব আং কাদের, পিতা বাহার আলী, সাং আমকোনা ও রুমেল পিতা সহির উদ্দিন, সাং আমকোনা অবৈধ করাত কলে বিগত ৩১/৩/২২ ইং রেঞ্জ কর্মকর্তা টাউন রেঞ্জের উপস্থিতিতে অভিযান পরিচালনা করে করাত কল ২টির বিভিন্ন যন্ত্রাংশ সহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হয়। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, ইতোমধ্যে ব্যাংকের জনবল ও শাখার সার্বিক কার্যক্রম অনেক বৃদ্ধি পাওয়ায় অফিস ভবন সম্প্রসারনের জন্য গত অর্থ বছরে প্রকল্প হতে ১০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছিল। উক্ত টাকা দিয়ে দুতালা ফাউন্ডেশন বিশিষ্ট ভবনের এক তলার ছাদ ঢালাই কাজ শেষ করা হয়েছে। এক তলার কাজ শেষ করার জন্য প্রাক্কলন মোতাবেক আরো ১৪৫৪২০১ টাকা বরাদ্দ | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজন। ইতোমধ্যে আমার বাড়ি আমার খামার প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় এবং ব্যাংকের আয় না থাকায় প্রধান কার্যালয় হতে বরাদ্দ পাওয়া সম্ভব হচ্ছেনা। এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন প্রসুত পল্লী সঞ্চয় ব্যাংক ভবনের অবশিষ্ট নির্মান কাজ শেষ করার জন্য তিনি উপজেলা পরিষদের নিজস্ব তহবিল থেকে বর্ণিত পরিমান অর্থ বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ করেন। | সচেষ্ট থাকবেন। | ব্যবস্থাপক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান,হস্ত শিল্প জরিপ পরিচালনার উদ্দেশ্যে প্রাথমিকভাবে ২৭/০৩/২২ তারিখ হতে ৮/৪/২২ তারিখ পর্যন্ত তালিকার কার্যক্রম সম্পন্ন হয়েছে। পথশিশু জরিপ ২০২২ পরিচালিত হচ্ছে। জরিপটি ডিজিটাল পদ্ধতিতে চলছে। দেশে প্রথমবারের মত ডিজিটাল পদ্ধতিতে জনশুমারি শুরু হচ্ছে। মূল শুমারির কাজ চলবে ১৫ জুন ২০২২ তারিখ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত। শুমারির কাজ পরিচালনার জন্য ২১/০৪/২২ হতে ৩০/০৪/২২ তারিখ পর্যন্ত জোনাল অপারেশন চলবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পরিসংখ্যান কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিবিধ | | ১। উপজেলা পরিষদের পাজারো গাড়ীর বিভিন্ন যন্ত্রাংশ হঠাৎ অকেজো / নষ্ট হয়ে যাওয়ায় গাড়ী চালক জনাব জাকির হোসেন ২৭/০২/২২ খ্রিঃ, ০৭/০৪/২২ খ্রিঃ এবং১০/০৪/২২ খ্রিঃ তারিখে আবেদন করেন।তার আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>২।উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী জনাব আব্দুল সোবহান ও মালী জনাব ফাহিমা বেগম আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে ঈদ বোনাসের জন্য আবেদন করেন। তাদের আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>৩। উপজেলা পরিষদ কার্যালয়, উপজেলা পরিষদ অডিটরিয়াম ও উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গত জুলাই/২০২১ মাসে ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়। ইন্টারনেট সংযোগ বিল সহ জুলাই/২০২২ হতে এপ্রিল/২০২২ মাসের ইন্টারনেট বিল পাওয়া গেছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। আলোচনান্তে পাজারো গাড়ীর যন্ত্রাংশ ক্রয়/মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>২। আলোচনান্তে জনাব আব্দুল সোবহান ও ফাহিমা বেগমকে মার্চ/২২ মাসের মজুরির অর্ধেক সমপরিমান অর্থ ঈদ বোনাস হিসাবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | | প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩।বিধি মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ইন্টারনেট বিল পরিশোধ খাত হতে বিল পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি জনাব নাজিরা বেগম গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জন প্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

নাজিরা বেগম
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৩৪৯ তারিখঃ ১৩/০৪/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২।জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৬। উপজেলা------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৭। চেয়ারম্যান---------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/ মাষ্টার ফাইল।

মোঃ গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নংবাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১১ নংশরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিবার কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ২৯ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ৩০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, আসন নং ০২ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |